

ব্লাইন্ড ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করে রাজ্যপাল
এই টুর্নামেন্টের মাধ্যমে সাহস, অধ্যবসায় ও দৃঢ়
সংকল্পকে সামনে থেকে প্রত্যক্ষ করার সুযোগ তৈরি হয়েছে



উদয়পুরের জামজুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ক্রিকেট মাঠে আজ শারদীয়া ইষ্ট জোন ব্লাইন্ড ক্রিকেট টুর্নামেন্ট ২০২৬-এর উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাঙ্লু। ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড ইন ত্রিপুরা-র উদ্যোগে এবং ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড ইন ইন্ডিয়া-র সহযোগিতায় এই ক্রিকেট প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতায় ত্রিপুরা, অসম, পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খণ্ড ও ওড়িশার দল অংশগ্রহণ করেছে। প্রতিযোগিতা ১ অক্টোবর থেকে আগামী ৫ অক্টোবর পর্যন্ত চলবে।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাঙ্লু বলেন, এই টুর্নামেন্ট শুধুমাত্র একটি ক্রিকেট প্রতিযোগিতার সূচনা নয়, এটি মানুষের অদম্য মানসিক শক্তির এক উদযাপন। তিনি বলেন, প্রতিভা, দৃঢ় সংকল্প ও খেলাধুলার প্রতি আবেগ কখনও শারীরিক সীমাবদ্ধতার দ্বারা আবদ্ধ নয়। বরং একজন মানুষ যে সমস্ত প্রতিকূলতা অতিক্রম করেন, তার মধ্য দিয়েই এই গুণগুলি আরও শক্তিশালী হয়ে ওঠে। রাজ্যপাল বলেন, এই টুর্নামেন্টের মাধ্যমে সাহস, অধ্যবসায় ও দৃঢ় সংকল্পকে সামনে থেকে প্রত্যক্ষ করার সুযোগ তৈরি হয়েছে। অংশগ্রহণকারী প্রতিটি খেলোয়াড় তাঁদের দক্ষতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস ও নিষ্ঠার মাধ্যমে সকলের কাছে অনুপ্রেরণার উৎস হয়ে উঠেছেন বলেও তিনি উল্লেখ করেন। সমস্ত অংশগ্রহণকারী দল ও খেলোয়াড়দের সাফল্য কামনা করে রাজ্যপাল আশা প্রকাশ করেন যে, এই চ্যাম্পিয়নশিপ স্মরণীয় ক্রীড়ানৈপুণ্য, সুস্থ প্রতিযোগিতা, বন্ধুত্ব এবং প্রকৃত ক্রীড়াসুলভ মনোভাবের মাধ্যমে সমৃদ্ধ হয়ে উঠবে।

রাজ্যপাল বলেন, এই মর্যাদাপূর্ণ প্রতিযোগিতা আয়োজন করতে পেরে ত্রিপুরা অত্যন্ত গর্বিত। রাজ্য সরকার ও ত্রিপুরার জনগণ এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়দের পাশে দৃঢ়ভাবে রয়েছে। শারীরিক সক্ষমতা নির্বিশেষে প্রত্যেক ব্যক্তি যাতে নিজেদের প্রতিভা বিকশিত করতে, স্বপ্নপূরণের পথে এগিয়ে যেতে এবং নিজেদের ও রাজ্যের জন্য গৌরব বয়ে আনতে পারেন, সেই পরিবেশ গড়ে তোলার প্রতি সরকার ও জনগণ প্রতিশ্রুতিবদ্ধ বলেও তিনি জানান।

এই প্রতিযোগিতার আয়োজনের জন্য ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড ইন ত্রিপুরাকে অভিনন্দন জানান রাজ্যপাল। দৃষ্টিহীন ক্রীড়াবিদদের তাঁদের প্রতিভা ও দক্ষতা প্রদর্শনের সুযোগ করে দেওয়ার ক্ষেত্রে সংগঠনের উদ্যোগেরও তিনি প্রশংসা করেন।

ম্যাচ অবজারভার এ. কে. পট্টনায়ক অনুষ্ঠানে বক্তব্য রাখেন এবং ব্লাইন্ড ক্রিকেট অ্যাসোসিয়েশনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড ইন ত্রিপুরার সহ-সভাপতি অ্যাডভোকেট অপূর্ব চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি হীরালাল সাহা। পাঁচ দিনব্যাপী এই প্রতিযোগিতায় পূর্ব ভারতের ছয়টি রাজ্যের দৃষ্টিহীন ক্রিকেট দল অংশগ্রহণ করেছে। লোকভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
